**অতীব জরুরি**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখা-১ (প্রশাসন ও অর্থ)**
www.tmed.gov.bd.

নং- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০২.২০-**৩৫৭**

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ, ১৪২৬ / ১৮ মে, ২০২০

**বিষয়ঃ ঘূর্ণিঝড় আমফানের কারণে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখা।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ তথ্য মতে ঘূর্ণিঝড় আমফান আগামী ২০মে, ২০২০ তারিখ বুধবার বাংলাদেশের উপকূলে আঘাত হানতে পারে। এ পরিস্থিতিতে উপকূলবর্তী জেলার বাসিন্দাদের আশ্রয়ের জন্য এ বিভাগের আওতাধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আশ্রায়ন কেন্দ্র হিসেবে ব্যবহার করার উদ্দেশ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান সার্বক্ষণি খোলা রাখার লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২. একই সাথে ঘূর্ণিঝড়ের প্রাক্কালে প্রতিষ্ঠান প্রধানকে চাবিসহ সার্বক্ষণিক কর্মস্থলে থাকার জন্য নির্দেশনা প্রদানসহ ঘূর্ণিঝড়ের সময় জরুরি প্রয়োজনে যোগাযোগের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে কন্ট্রোলরুম খোলা রাখার জন্যও অনুরোধ করা হলো।

১৮/৫/২০২০

(এস এম মাহাবুবুর রহমান)
যুগ্মসচিব (প্র. ও অর্থ)
☎: ৯৫৭৫৬৬৭
jstmed7@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।

**অনুলিপিঃ**

১. অতিরিক্ত সচিব (সকল),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) -এঁর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অফিস কপি।